সংবাদ

তারিখ ... 19 MAY 2016 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... ১ ... ......

# শিক্ষা খাতে বিনিয়োগ বাড়াতে হবে : নাহিদ

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার গুণগত মান বাড়াতে সবার আগে প্রয়োজন একজন দক্ষ শিক্ষক। শিক্ষক দক্ষ না হলে শিক্ষার মান কখনও বাড়ানো সম্ভব হবে না। কিন্তু এক্ষেত্রে আমাদের কিছু সমস্যা রয়েছে। তা হলো আমরা শিক্ষকদের ভালোমতো বেতন দিতে পারি না। সুতরাং শিক্ষায় প্রথমে বিনিয়োগ বাড়াতে হবে। কেননা এ খাতে বিনিয়োগ হলো উত্তম বিনিয়োগ।

গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রশিক্ষক কেন্দ্র অডিটোরিয়ামে (টিএসসি) বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)-এর ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটি কর্তৃক আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, উন্নয়নের জন্য আমাদের অবশ্যই বিজ্ঞানী ও গবেষক তৈরি করলেই হবে। তবে এর পাশাপাশি সবার আগে ভালো শিক্ষকও তৈরি করতে হবে। শিক্ষকতা পেশায় নিবেদিত প্রাণ হয়ে যাতে শিক্ষকরা কাজ করতে পারেন এমনভাবে তাদের তৈরি করতে হবে।

সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শিক্ষকের মর্যাদা যদি আমরা রক্ষা করতে না পারি তাহলে এ খাতে বাজেট বাড়িয়েও কোন লাভ নেই। কেননা শিক্ষকের মর্যাদাটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ মর্যাদা যদি তিনি না পান তাহলে তার কাছে থেকে মানসম্মত শিক্ষা পাওয়াটাও জটিল হয়ে যাবে। তাছাড়া তরুণরাও আর এই শিক্ষকতা পেশায় আসার আগ্রহ দেখাবে না।

বাকবিশিস-এর ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি অধ্যাপক আবম ফারুকের সভাপতিত্বে সেমিনারে এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ব-শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক মাহফুজা খানম, বাকবিশিস-এর কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যাপক ড. নুর মোহাম্মদ তালুকদার প্রমুখ। "বাংলাদেশের শিক্ষা বাজেট : গতি প্রবণতা, বাস্তবতা ও করণীয়" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন অর্থনীতিবিদ অধ্যাপক এম এম আকাশ।